R. N No. 2532/57 Phone No. RGG.112 Regd No:—WB/MSD—1

টেলিফোন : ৩৪-১৩৩২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৭১শ বর্ষ, ১৮শ সংখ্যা | রঘুনাথগঞ্জ ২৬শে ভাদ্র বুধবার, ১৩৯১ সাল, ১২ই সেপ্টেম্বর, ১৯৮৪ সাল। | নগদ মূল্য : ২৫ পয়সা, বার্ষিক ১২৲, সডাক ১৪৲

## বিচারকের অভাবে জঙ্গিপুর আদালতে কাজকর্ম ব্যাহত

বিশেষ সংবাদদাতা : তিন তিনজন বিচারপতির পদ শূন্য থাকায় জঙ্গিপুর মহকুমা আদালতের কাজকর্ম চালানো দুঃসাধ্য হয়ে উঠেছে। আদালতের স্বাভাবিক কাজ চালাতে কর্মরত বিচারপতিদেরও প্রাণান্তকর অবস্থা। ফাইলবন্দী মামলাগুলিতে বার বার দিন পড়ছে। বিচারের অভাবে দীর্ঘ ১৫ বছর ধরে বহু মামলা এখনও ঝুলে রয়েছে। ফৌজদারী ও দেওয়ানী দুটি ক্ষেত্রেই প্রায় একই অবস্থা। সরকারী পর্যায়ে বার বার এই অসুবিধার কথা জানিয়েও কোনো ফল হয়নি। ওই আদালতের দুটি শাখায় এমনিতেই ৩ বিচারপতির পদ শূন্য তার উপরে আবার কর্মরত বিচারকেরা হঠাৎ ছুটিতে গেলে তো কথাই নেই। ঠিক এমনটিই ঘটেছিল গত শনিবার ঈদের ছুটি নিয়ে বিচারপতি আব্দুল গণি গিয়েছিলেন বাড়ি। ফলে ফৌজদারি আদালতের যাবতীয় দায়িত্ব বর্তায় অবশিষ্ট এক বিচারপতি নেপাল মণ্ডলের উপর। নিজের কাজ সামলে বাড়তি দায়িত্ব পালন করতে গিয়ে স্বভাবতই তাঁকে হিমসিম খেতে হয়। একই রকম অবস্থা হয়েছিল ১৩ থেকে ১৬ আগষ্ট পর্যন্ত। গোটা আদালতের দায়িত্ব গিয়ে পড়ে আব্দুল গণির উপর। বাধ্য হয়ে ১৩ আগষ্ট ৩৬ দিনের ছুটি নিয়েও শেষ পর্যন্ত ৩ দিনের মধ্যে কাজে যোগ দেন বিচারপতি নেপাল মণ্ডল। দেওয়ানী আদালতও একইভাবে অচল হয়ে পড়ে ১১ থেকে ১৫ আগষ্ট। ওই কয়দিন ওই আদালতটি কার্যতঃ ছিল বিচারপতি শূন্য। তবে অফিসিয়াল কাজকর্মের দায়িত্ব ছিল সেরেস্তাদারের উপর। জঙ্গিপুর আদালতে এ ধরনের নজীর সাম্প্রতিককালে বিরল বললেই চলে। খোঁজ নিয়ে জানা যায়, জঙ্গিপুর আদালতের ফৌজদারী শাখায় এস ডি জে এমসহ বিচারক থাকার কথা ৩ জন। রয়েছেন ২ জন। এস ডি জে এমের পদটি পূর্বতন বিচারপতি পীযূষকান্তি মজুমদার বদলী হয়ে চলে যাওয়ার পর থেকেই শূন্য হয়ে রয়েছে। দেওয়ানীতে সেকেণ্ড মুনসেফের পদটি খালি পড়ে রয়েছে দীর্ঘদিন ধরে। ফলে একমাত্র মুনসেফ অলক দাস দেওয়ানীর কাজকর্ম স্বাভাবিক রাখতে গিয়ে অতিষ্ঠ হয়ে উঠেছেন। এদিকে বহু ঢাক ঢোল পিটিয়ে জঙ্গিপুরে যে 'দেওয়ানী সাবজজ' আদালত খোলা হয়েছিল বর্তমানে তার কাজকর্ম প্রায় বন্ধ। কারণ সাবজজের পদে দীর্ঘদিন ধরে কোন বিচারপতি আসেননি। আদালতের এই অবস্থায় উকিলেরা পড়েছেন বিশেষ অসুবিধায়। বিচার প্রার্থী মানুষজনেরও নাকালের শেষ নেই। দিনের পর দিন মামলাগুলি ঝুলে থাকায় তাদের আর্থিক ক্ষতি তো বটেই, ভোগান্তিও বেড়েছে সীমাহীন।

**দাঙ্গার দায়ে সাজা :** মারদাঙ্গা করার দায়ে শিষ মহম্মদ নামে এক ব্যক্তিকে জঙ্গিপুর আদালত ৩ শো টাকা জরিমানা অনাদায়ে একমাস কারাদণ্ড দিয়েছেন। ভারতীয় দণ্ডবিধির ৩২৩ ধারা অনুসারে বিচারপতি আব্দুল গনি এই সাজা দেন।

## যৌথ বীজতলার ধান ফেরত দেওয়ার জন্য বালিয়ার প্রধানকে সরকারী চিঠি

কৃষি সংবাদদাতা : যৌথ বীজতলার জন্য প্রদত্ত ধান আশ্বিন ৭ অথবা তদ্রূপ অথবা ভাগবাটোয়ারার রিপোর্ট জমার পর সাগরদীঘি ব্লকের বালিয়া গ্রাম পঞ্চায়েতের একজন হেডম্যানকে প্রদত্ত দু কুইন্টাল ধান সাগরদীঘি এ ডি ও অফিসে ফেরত দেওয়ার জন্য জঙ্গিপুর এস এ ও অফিস থেকে এস এম এস থি স্বাক্ষরিত চিঠি সরকারীভাবে দেওয়া হয়েছে বালিয়ার গ্রাম পঞ্চায়েত প্রধানকে। চিঠির একটি করে কপি পাঠানো হয়েছে জেলা মুখ্য কৃষি আধিকারিক এবং সাগরদীঘির কৃষি উন্নয়ন আধিকারিকের কাছে। যৌথ বীজতলার জন্য প্রদত্ত ধান (বিনামূল্যে) ফেরতের নির্দেশ দিয়ে সরকারী চিঠি কৃষি দফতরের ইতিহাসে সম্ভবতঃ এই প্রথম।

সরকারী সূত্রে জানা গেছে এবার যৌথ বীজতলার ব্যাপারে সাগরদীঘি ব্লকে 'অনিয়ম' ঘটেছে তিন রকমের। (১) ধান নিয়ে গিয়ে ৩২/৩৩ জনের মধ্যে সেই ধান ভাগ করে দেওয়া হয়েছে (২) ধান নিয়ে গিয়ে মোটেই তা ভাগ করা হয়নি অথবা আত্মসাৎ করা হয়েছে এবং (৩) বীজতলা না করেই অনেক হেডম্যান লিখিতভাবে জানিয়েছেন যে, বীজতলা করা হয়েছিল কিন্তু অতি বর্ষণে ডুবে, পচে নষ্ট হয়ে গিয়েছে। তৃতীয় পক্ষের বক্তব্য হাস্যকর; কেননা, তাই যদি হয় তাহলে সাগরদীঘি ব্লকের ৯০% আমন জমির ধানই জলমগ্ন হয়ে পচে যাওয়া উচিত ছিল। কিন্তু বাস্তবে তা হয়নি। বরং এবার এই ব্লকে ৯৮% জমিতে ভালোভাবে আমন চাষ হয়েছে। আরো প্রায় ১২% জমিতে আউস ধান কেটে নাবি রোয়ার কাজ চলছে।

সর্বশেষ সংবাদে জানা গেছে, সাগরদীঘি ব্লকের এগারটি গ্রাম পঞ্চায়েতে প্রদত্ত পঞ্চাশটি যৌথ বীজতলার মধ্যে মাত্র দুটি কি তিনটি বীজতলা হয়েছে, বাকীগুলো তিন রকমভাবে নয়ছয় হয়েছে।

## পুলিশ হাজতে মৃত্যু ফরাক্কায় উত্তেজনা

বিশেষ সংবাদদাতা : এক গৃহবধূকে গণধর্ষণের নায়ক বলে অভিযুক্ত স্বাধীন রবিদাস নামে এক ব্যক্তির পুলিশ হাজতে মৃত্যুকে ঘিরে ফরাক্কায় তীব্র উত্তেজনা দেখা দিয়েছে। 'পুলিশ তাকে পিটিয়ে মেরেছে' এই অভিযোগে কয়েকশো মানুষ শনিবার রাত্রে ফরাক্কা থানা ঘেরাও করে। রবিবার বিকেল পর্যন্ত এই ঘেরাও চলে। ঘেরাওকারীরা থানার উপর পাথর ছুঁড়ে। ফলে জনকয় পুলিশ কর্মী আহত হন। স্বাধীন ফরাক্কা ব্যারেজের একজন ৪র্থ শ্রেণীর কর্মচারী ছিল। পুলিশ জানায়, ৩ সেপ্টেম্বর স্বাধীন ও তার দলবল পলাশী গ্রামের এক ব্যক্তিকে খুন করার চেষ্টা করে। ওই ব্যক্তিকে আশংকাজনক অবস্থায় মালদহ হাসপাতালে (৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## পদ্মার জলস্ফীতিতে জঙ্গিপুরে বন্যা

নিজস্ব সংবাদদাতা : অতিরিক্ত বর্ষণ ও পদ্মার জলস্ফীতিতে জঙ্গিপুর মহকুমার ৫টি ব্লকে হঠাৎ বন্যা দেখা দিয়েছে। ফরাক্কা, সামসেরগঞ্জ, সুতী-১ ও ২ এবং রঘুনাথগঞ্জ-২ ব্লকের প্রায় ৭০টিরও বেশী গ্রাম এই বন্যায় জলমগ্ন হয়ে পড়েছে। বে-সরকারী হিসেবে এর ফলে প্রায় এক লক্ষ মানুষ জলবন্দী হয়ে পড়েছেন। সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে সুতী-১ এবং রঘুনাথগঞ্জ-২ ব্লকের গ্রামগুলি। ওই দুই ব্লকে কয়েকটি ত্রাণ শিবির খোলা হলেও তাতে এ পর্যন্ত কোনো সরকারী ত্রাণ দেওয়া হয়নি। ব্লক অফিস সূত্রে জানা গেছে, ত্রিপল ও শুকনো ত্রাণ পাঠাতে জেলা শাসক ও মুখ্য সচিবকে বার্তা পাঠানো হয়েছে।

জে র ক্স ঘ র

শীঘ্রই শুভ উদ্বোধন
যোগাযোগ : পণ্ডিত প্রেস : রঘুনাথগঞ্জ

NATIONAL THERMAL POWER CORPORATION LTD.
( A Government of India Enterprise )
FARAKKA SUPER THERMAL POWER PROJECT

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/RAILWAY/ WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender document for the works. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I. P. O. payable at post office, Khejuriaghat or demand draft in favour of 'National Thermal Power Corporation Ltd.', payable on State Bank of India at Farakka along with a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 8. 9. 84 to 27. 9. 84 from 9·00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs to 16-00 hrs. Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No | Name of work | Approx. value/ Completion period ( in lakhs ) | E. M. D/ Cost of paper (in Rs.) | Date & time of opening |
|---|---|---|---|---|
| 1. | General civil, sanitary, water supply, drainage & Building electrification for Health centre at permanent township of FSTPP. N. I. T. No. FS : 42 : CS : 249/T-53/84. | 6·5 6 months | 13,000/- 50/- | 28. 9. 84 at 11 A. M. |
| 2. | General civil, sanitary, water supply, drainage and building electrification for Club house at permanent township of FSTPP, NIT. No. FS : 42 : CS : 252/T-54/84 | 6·0 6 months | 12,000/- 50/- | 28. 9. 84 at 11 A.M. |
| 3. | Water supply distribution in central area of permanent township of FSTPP, N. I. T. No. FS : 42 : CS : 261/T-55/84. | 1·0 4 months | 2,000/- 50/- | 28-9 84 at 12 A. M. |
| 4. | Chain link Fencing around 136 quarters in permanent township of FSTPP. N. I. T. No. FS : 42 : CS : 263/T-56/84. | 2·0 4 months | 4,000/- 50/- | 28 9 84 at 12 A.M. |
| 5. | Construction of road & drainage in supervisors colony of Field hostel complex of FSTPP. N. I. T. No FS : 42 : CS : 521/T-57/84. | 10·0 8 months | 20,000/- 100/- | 29-9 84 at 11 A. M. |
| 6. | Extension of Tildanga approach road upto Kendua Hospital & Tildanga Railway station. NIT No. FS : 42 : CS : 109 (ii)/T-58/84 | 7·0 8 months | 14,000/- 50/- | 29-9-84 at 11 A. M. |
| 7. | Special repair of road including construction of drains on southern side and approaches to different structures/Building at plant site of FSTPP NIT No. FS : 42 : CS : 759/T-59/84 | 7·5 6 months 50% in 2(two) months | 15,000/- 50/- | 29-9-84 at 12 A. M. |
| 8. | Miscelleneous Building works for H. C. C. colony, ty. township and CISF complex for 1984-85. NIT No. FS : 42 : CS : 539/T-60/84 | 2·0 12 months | 4,000/- 50/- | 29-9-84 at 12 A. M |
| 9. | Annual sanitation contract for ty. township, pernt. township, plant site, Field hostel and H. C. C. colony for 84-85 NIT. No. FS : 42 : CS : 542/T-61/84. | 3·5 12 months | 7,000/- 50/- | 29-9-84 at 12 A. M. |

## TERMS AND CONDITIONS

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tenders.

2. Interested parties are advised to visit to familiarise with the site conditions.

P. T. O.

3. Tender received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest Money against Running Account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers Registered with any other project of N. T. P. C. are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest money in prescribed form 'Earnest Money of.....................enclosed should be clearly be written on the top of the Envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).

4. N. T. P. C. takes no responsibilities for delay or non-receipt of tender documents sent by post.

Dy. Manager (Contracts)
Farakka Super Thermal Power Project.
( N. T. P. C. )
P.O. Nabarun, Dt. Murshidabad : West Bengal
Pin—742239

## বাংলাদেশী মাল আটক

ধুলিয়ান : গত ১১ সেপ্টেম্বর কৃষ্ণনগর কাষ্টমস্ বিভাগের জনৈক উচ্চ পদস্থ অফিসারের নেতৃত্বে স্থানীয় হাতী ছিতরা বাগানে দৌলত মহালদারের বাড়ী হানা দিয়ে প্রায় ১২ হাজার টাকার বাংলাদেশী ঘড়ি ও জামা প্যান্টের কাপড় বাজেয়াপ্ত করেছে বলে স্থানীয় কাষ্টমস্ অফিসার সূত্রে জানা গিয়েছে।

## মূর্তি ভাঙ্গা নিয়ে উত্তেজনা

নিজস্ব সংবাদদাতা : বিসর্জনের সময় একটি মনসা মূর্তি ভাঙ্গচুরের ঘটনা নিয়ে ফরাক্কার অর্জুনপুরে উত্তেজনা দেখা দিয়েছে। পুলিশ এ ব্যাপারে ৩ জনকে গ্রেপ্তার করেছে। ঘটনাটি ঘটেছে ২৬ আগষ্ট। পুলিশ এ ব্যাপারে আরও ৯ জনকে খুঁজছে।

## সাঁতার প্রতিযোগিতা

নিমতিতা রুদ্র সংঘের পক্ষ থেকে জানানো হয়েছে আগামী ১৪ অক্টোবর বেনিয়াগ্রাম এল, সি, টি ঘাট হতে নিমতিতা বি. এস, এফ ঘাট পর্যন্ত ২৮ কি মি সাঁতার অনুষ্ঠিত হচ্ছে। নাম জমা দেবার শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

দুর্গাপুর সিমেন্ট ওয়ার্কস এর উন্নত মানের এবং নির্ভরযোগ্য ফ্রি সেল দুর্গাপুর সিমেন্ট আপনার চাহিদা মতো এখন রঘুনাথগঞ্জেও পাবেন।

একমাত্র পরিবেশক :—

এম, এল, মুন্দ্রা

পাকুড়তলা, রঘুনাথগঞ্জ
( বন্ধু সমিতি ক্লাবের পাশে )
হেড অফিস : সাহেববাজার, জঙ্গিপুর

## পুলিশ হাজতে মৃত্যু

(১ম পৃষ্ঠার পর) ভর্তি করা হয়। পরদিন রাত্রে স্বাধীনেরা ফের ওই ব্যক্তির বাড়িতে গিয়ে তার যুবতী স্ত্রীকে একের পর এক ধর্ষণ করে। এই গণধর্ষণের অভিযোগে ৫ সেপ্টেম্বর ফরাক্কা পুলিশ স্বাধীনকে গ্রেপ্তার করে। পরদিন পুলিশ হাজতে তাকে মৃত অবস্থায় পাওয়া যায়। এই মৃত্যুকে ঘিরে ফরাক্কায় তীব্র উত্তেজনা দেখা দেয়। উত্তেজিত জনতার অভিযোগ, পুলিশ হাজতে স্বাধীনকে নির্মমভাবে প্রহার করার ফলেই তার মৃত্যু হয়েছে। অবশ্য পুলিশ এ অভিযোগ অস্বীকার করেছে। পোষ্ট মর্টেমের জন্য মৃত দেহটি জঙ্গিপুর হাসপাতালে নিয়ে আসা হয়। শেষ খবর, এই মৃত্যুর ঘটনার সঙ্গে জড়িত এ এস আই সুকুমার সরকারকে বহরমপুর হেড-কোয়ার্টারে সরিয়ে দেওয়া হয়েছে।

## কেরোসিনের অভাব

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকার লোক কেরোসিনের অভাবে অন্ধকারে রয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। এই অন্ধকারের প্রধান শিকার হয়েছে মনিগ্রাম। খবরে প্রকাশ মহকুমা কন্‌ট্রোলার (ফুড) সাগরদীঘি ব্লকের ডিলারদের জন্য যে তেল বরাদ্দ করে-ছেন তা সাগরদীঘির কোলসেল ডিলার চোরাপথে কিছু এম আর ডিলারদের বেশী তেল দেওয়ার ফলেই নাকি মনিগ্রামের ভাগ্যে জোটেনি। তাই মনিগ্রামে নেমে এসেছে ঘোর অন্ধকার। গ্রামবাসীরা এ সম্পর্কে তদন্ত দাবী করেছেন।

ফোন : ১১৫

সকলের প্রিয় এবং বাজারের সেরা

ভারত বেকারীর প্লাইজ ব্রেড

মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

এম পি বস্ত্রালয়ের

॥ স্থান পরিবর্তন ॥

২০শে সেপ্টেম্বর থেকে আমার দোকান রঘুনাথগঞ্জ বাজারপাড়া ষষ্ঠীতলা বাঁধাঘাটের নিকট চালু হচ্ছে।

শারদ উৎসবে গ্রাহকদের জন্য বিশেষ আকর্ষণ :

জনতা শাড়ী—১১-৫০
নানা ডিজাইনের সিনথেটিক শাড়ী—৪০-০০

এম পি বস্ত্রালয়ের
পক্ষে মৃণালকান্তি প্রামানিক
রঘুনাথগঞ্জ বাজারপাড়া ॥ ষষ্ঠীতলা ॥ বাঁধাঘাট

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পাণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।